দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

23 JUL 1988
তারিখ ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 8

৬৩

56

# শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস বন্ধ করার পদক্ষেপ গ্রহণের আহ্বান

**(নিজস্ব বার্তা পরিবেশক)**

চট্টগ্রাম, ২২শে জুলাই।—চট্টগ্রাম ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস (শেষ পৃঃ ৪ এর কঃ ৮ঃ)

শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস
(১ম পাতার পর)

বন্ধ করার লক্ষ্যে কলেজসমূহের অধ্যক্ষ, শিক্ষক ও ছাত্র প্রতিনিধিদের মতামত গ্রহণের মাধ্যমে একটি সাধারণ ফর্মুলা বের করার জন্য পুলিশ কমিশনারের প্রতি আহ্বান জানিয়েছেন।

আজ সকালে সহকারী পুলিশ কমিশনার (বিশেষ শাখা) আবদুল মোমেন ভুঁইয়ার সাথে এক বৈঠকে ছাত্র নেতৃবৃন্দ এই আহ্বান জানান। তারা চট্টগ্রাম কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জামাত-শিবির চক্রের সন্ত্রাসী তৎপরতায় উদ্বেগ প্রকাশ করেন। ছাত্র নেতৃবৃন্দ আরও অভিযোগ করেন যে, শহরের বিভিন্ন স্থানে মাদকদ্রব্যের ব্যবসা প্রকাশ্যে চলছে। এসব ক্ষেত্রে পুলিশের নীরব ভূমিকায় তারা ক্ষোভ প্রকাশ করেন।

সহকারী পুলিশ কমিশনারও উদ্ভূত পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করেন এবং সন্ত্রাস দমনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলে আশ্বাস দেন।